রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম শেষ দশকে এতো পরিশ্রম করতেন যা তিনি অন্য সময় করতেন না।

উম্মুল মু’মিনীন ‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম শেষ দশকে এতো পরিশ্রম করতেন যা তিনি অন্য সময় করতেন না।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

যখন রমজানের শেষ দশ দিন আসত, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবাদত ও আনুগত্যের জন্য কঠোর পরিশ্রম করতেন এবং কল্যাণমূলক বিভিন্ন কাজ, নেক আমল এবং ইবাদত আঞ্জাম দিয়ে অন্যান্য সময়ের চেয়ে চরম পর্যায়ে যেতেন। এটা হল ঐ রাতগুলোর মাহাত্ম্য ও ফযীলত এবং লাইলাতুল কদর অন্বেষণ করার স্বার্থে ছিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3755